# HSC পরীক্ষা - ২০২২

বাংলা প্রথম পত্র [২০২২ সালের সিলেবাস অনুযায়ী] বিষয় কোড : 101

সেট: খ সময়: ২০ মিনিট পূর্ণমান - ১৫

তারিখ: ৬ নভেম্বর, ২০২২

**৩০টির মধ্যে ২৬টি কমন**

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। যে কোনো পনেরোটি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১

প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।

০১. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী পালিত হয়-

ক. ২০২১ সালে খ. ২০২২ সালে
গ. ২০১৯ সালে ঘ. ২০২০ সালে উত্তর: ঘ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৬৪৮*

❑ নিচের উদ্দীপকটি পড় এবং ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও:

ফকির মুন্সীর স্ত্রী মরিয়ম সহজ-সরল মেয়ে। স্বামীর প্রতি তার অগাধ অটল বিশ্বাস। তার বিবেচনায় ফকির মুন্সী একজন কামেল ও পরহেজগারলোক। অথচ গ্রামের অশিক্ষিত সহজ-সরল মানুষের খোদাভীতিকে কাজে লাগিয়ে ফকির মুন্সী নানা ফতোয়া জারি করে সাধারণ মানুষকে ঠকায়।

০২. 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের সঙ্গে উদ্দীপকের মরিয়মের সাদৃশ্য রয়েছে?

ক. জমিলা খ. আমেনা
গ. রহিমা ঘ. হাসুনির মা উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫৬৭; উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র মজিদের প্রথম স্ত্রী রহিমা। উপন্যাসের অন্যতম গুরুত্বপূর্ণ চরিত্র রহিমা স্বামীর ব্যক্তিত্বের কাছে নিজেকে অসহায় মনে করে। ঠান্ডা ও ভীতু হিসেবে পরিচিত রহিমার শান্ত রূপের পেছনে আছে আল্লাহর প্রতি বিশ্বাস, মাজারে বিশ্বাস ও মাজারের প্রতিনিধি স্বামীর প্রতি ভক্তি। গৃহের কাজকর্মেও সে ছিল নিষ্ঠাবান। মাজার প্রতিনিধির স্ত্রী হিসেবে রহিমা গর্ববোধ করে, সকলের কাছে নিজেকে গুরুত্বপূর্ণ করে তোলে। মজিদের বিপরীত চরিত্র হিসেবে রহিমাকে দেখা যায় তার সহানুভূতিশীল মনোভাবের কারণে।*

০৩. উদ্দীপকের ফকির ও 'লালসালু' উপন্যাসের মজিদ উভয়েরই ব্যবসার উৎস হল-

i. প্রতারণা ii. মানুষের সরলতা
iii. ধর্মভীতি

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উত্তর: ঘ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫৭১ (প্রশ্নোত্তর ঘ)*

০৪. 'আমি বরং নবাবকে বিশ্বাস করতে পারি।' ক্লাইভের এই উক্তিতে প্রকাশ পেয়েছে-

i. মিরজাফরের প্রতি অনাস্থা
ii. নবাবের শাসনের প্রতি বশ্যতা
iii. নবাবের দেশপ্রেম চেতনায় শ্রদ্ধা

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উত্তর: খ

০৫. 'সিরাজউদ্দৌলা' নাটকে সিরাজউদ্দৌলার উপস্থিতি আছে কয়টি দৃশ্যে?

ক. ৬টি খ. ৭টি
গ. ৯টি ঘ. ৮টি উত্তর: ঘ

০৬. 'বিদ্রোহী' কবিতা রচনার শতবর্ষ পূর্ণ হয়েছে-

ক. ২০১৯ সালে খ. ২০২০ সালে
গ. ২০২১ সালে ঘ. ২০২২ সালে উত্তর: ঘ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ২৮৫; প্রথম প্রকাশিত হয় - ১৯২২*

০৭. ভাষা সৈনিকদের শহিদ হওয়ার খবর বঙ্গবন্ধু কীভাবে পেয়েছিলেন?

ক. সিপাহীদের মাধ্যমে খ. প্রহরীদের সহায়তায়
গ. রেডিও শুনে ঘ. বন্দিদের কাছ থেকে উত্তর: ক

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৭৬ (প্রশ্ন ৫৭)*

০৮. 'মাসি-পিসি' গল্পটি কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

ক. সমকাল খ. পূর্বাশা
গ. সমাচার দর্পণ ঘ. ভারতী উত্তর: খ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ২৮৫*

০৯. সুকান্ত ভট্টাচার্য তাঁর কাব্যে একাত্মতা ঘোষণা করেছেন-

ক. সশস্ত্র সংগ্রামের পক্ষে খ. ধর্মের পক্ষে
গ. বিপ্লব ও মুক্তির পক্ষে ঘ. উগ্রবাদিতার পক্ষে উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৮৪; সুকান্ত তাঁর কাব্যে অন্যায়-অবিচার, শোষণ-বঞ্চনার বিরুদ্ধে বিদ্রোহ, বিপ্লব ও মুক্তির আহ্বান জানিয়েছেন।*



অভিযাত্রী বিশ্ববিদ্যালয় সংস্করণ ২০২৩ এবং ATM এক টানা মুখস্থ সংস্করণ ২০২৩ পাওয়া যাচ্ছে দেশের সকল লাইব্রেরি এবং অনলাইনে ...

১০. 'অপরিচিতা' গল্পে কল্যাণীর বিয়ে না করার সিদ্ধান্তের কারণ কী ছিল?
ক. লোকলজ্জা খ. পিতৃ আদেশ
গ. আত্মমর্যাদা ঘ. অপবাদ উত্তর: গ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩১৩ (প্রশ্ন ৮): কল্যাণী তার বাবার মতোই আত্মমর্যাদাবোধসম্পন্ন ছিল। তাই অনুপমের সাথে বিয়ে ভাঙার পর সে অন্য কোনো সম্পর্কে জড়াতে চায়নি।*

১১. 'প্রতিদান' কবিতায় কে পথের বিবাগী হয়েছেন?
ক. কবি স্বয়ং খ. কবির আপনজন
গ. বদান্যতা ঘ. কবির প্রতিবেশী উত্তর: ক
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৬৬ (৩ নং)*

১২. 'ঠাট্টার সম্পর্কটাকে স্থায়ী করিবার ইচ্ছা আমার নাই'- এই উক্তিটিতে কী প্রকাশ পেয়েছে?
ক. দুর্বলতা খ. বলিষ্ঠতা
গ. হীনম্মন্যতা ঘ. বদান্যতা উত্তর: খ

১৩. "আমি দলে যাই যত বন্ধন, যত নিয়ম কানুন শৃঙ্খল' - এই পঙ্‌ক্তির মাধ্যমে বুঝানো হয়েছে -
ক. কবির কোনো পরোয়া নেই খ. কবি নির্ভার
গ. কবি নির্দ্বান্দ্বিক ঘ. কবি মুক্ত উত্তর: ঘ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৪৫: ব্রিটিশ শাসিত ঔপনিবেশিক ভারতবর্ষ নানা নিয়ম ও শৃঙ্খলের বেড়াজালে আবদ্ধ ছিল। মানুষের সর্বাঙ্গীণ মুক্তির লক্ষ্যে কবি এই নিয়ম-কানুন ভেঙে বেরিয়ে আসতে চেয়েছেন।*

১৪. 'ধান দিয়া কী হইব, মানুষের জান যদি না থাকে'- উক্তিটিতে কী মনোভাব প্রকাশ পেয়েছে?
ক. ক্ষোভ খ. নিন্দা
গ. অভিমান ঘ. কটুকথা উত্তর: ক
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫৭৩: রহিমার এই উক্তির দ্বারা, তার মাতৃহৃদয়ে সন্তানের জন্য শঙ্কা বা ক্ষোভ প্রকাশ পেয়েছে।*

১৫. এক মুষ্টি ভিক্ষা দেওয়ার মাধ্যমে কোনটি ক্ষুণ্ন হয়?
ক. মানব অস্তিত্ব খ. শুভবোধ
গ. অধিকারবোধ ঘ. মানব-মর্যাদা উত্তর: ঘ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৫৮ (প্রশ্ন ১৮)*

১৬. 'রেইনকোট' গল্পে 'রেইনকোট' বহন করছে-
ক. মুক্তিযুদ্ধের ইতিহাস খ. মুক্তিযুদ্ধের প্রেক্ষাপট
গ. মুক্তিযুদ্ধের চেতনা
ঘ. ভাষা আন্দোলনের ঘটনা উত্তর: গ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৮৩ এর প্রশ্ন ৫: রেইনকোটটি একজন মুক্তিযোদ্ধার ব্যবহারের সামগ্রী ছিল বলে সেটি পরে ভীরু নুরুল হুদা সাহসী হয়ে ওঠেন। নুরুল হুদা বৃষ্টি থেকে রক্ষা পাওয়ার জন্যে তার মুক্তিযোদ্ধা শ্যালক মিন্টুর রেইন কোটটি পরেন। মিন্টুর মুক্তিকামী চেতনার পরশ যেন রেইনকোটটির মধ্য দিয়ে তার মাঝেও সঞ্চারিত হয়। এর ফলেই ভীতু নুরুল হুদা হয়ে ওঠেন প্রবল আত্মবিশ্বাসী। প্রকৃতপক্ষে রেইনকোটটি গল্পে প্রতীকী ব্যঞ্জনা সৃষ্টির জন্যেই ব্যবহৃত হয়েছে।*

১৭. 'তাহারেই পড়ে মনে' কবিতায় 'নীরব কেন' বলতে বোঝায়-
i. কবি উদাসীন হয়ে আছেন কেন?
ii. কবি কেন বসন্তকে সম্বোধন করছেন না?
iii. কবি কেন কাব্য রচনায় সক্রিয় হচ্ছেন না?
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উত্তর: ঘ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৭৭ এর ১ নং: কবিভক্ত এখানে কবিকে সম্বোধন করে পৃথিবীতে ফাগুন তথা বসন্তের আবির্ভাব ঘটার পরও কেন তিনি সক্রিয় না হয়ে উদাসীন হয়ে আছেন তা জানতে চাচ্ছেন। কবিভক্ত কবিকে জিজ্ঞেস করছেন বন্দনা-গানের মাধ্যমে বসন্তকে কি তিনি বরণ করে নেবেন না?*

১৮. 'আমরা এমন কিছু করলাম যা ইতিহাস হবে' উক্তিটি কার?
ক. মোহনলালের খ. মীরমর্দানের
গ. ক্লাইভের ঘ. সিরাউদ্দৌলার উত্তর: গ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫৮৪*

১৯. "কিন্তু দেশটা কেমন মরার দেশ" বলার কারণ কী?
ক. মানুষহীন বলে খ. ধর্মহীন বলে
গ. কর্মহীন বলে ঘ. শস্যহীন বলে উত্তর: ঘ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫৬৫*

২০. 'আমি কিংবদন্তির কথা বলছি' বলতে কবি বোঝাতে চেয়েছেন-
i. বাঙালির হাজার বছরের ইতিহাস-ঐতিহ্য
ii. বাঙালির সুদীর্ঘকালের শোষণ-বঞ্চনার ইতিকথা
iii. অন্যায়-অত্যাচারের বিরুদ্ধে বাঙালির শাশ্বত প্রতিবাদী।
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উত্তর: ঘ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫০১: কবিতার প্রেক্ষাপটে উঠে এসেছে বাঙালি সংস্কৃতির হাজার বছরের সংগ্রাম, বিজয় ও মানবিক উদ্ভাসনের ইতিহাস। কবি এখানে মানবমুক্তির আকাঙ্ক্ষায় সোচ্চার হয়েছেন বারবার। কবি তার বক্তব্যে বাঙালি জাতির পূর্বপুরুষদের সাহসী ও গৌরবোজ্জ্বল ইতিহাসের কথা উপস্থাপন করেছেন। বাংলার ভূমিজীবী অনার্য ক্রীতদাসের লড়াই করে টিকে থাকার ইতিহাস উঠে এসেছে এখানে। কবি মুক্তির পূর্বশর্ত হিসেবে যুদ্ধের অপরিহার্যতাকে তুলে ধরেছেন। তিনি মনে করেন, আমাদের পরাধীনতাই আমাদের ক্রীতদাস করে রেখেছে। তাই তিনি যুদ্ধের মাধ্যমে পরাধীনতার শৃঙ্খল থেকে মুক্ত হতে চেয়েছেন।*



অভিযাত্রী বিশ্ববিদ্যালয় সংস্করণ ২০২৩ এবং ATM এক টানা মুখস্থ সংস্করণ ২০২৩ পাওয়া যাচ্ছে দেশের সকল লাইব্রেরি এবং অনলাইনে ...

২১. 'আঠারো বছর বয়স' কবিতায় কবি 'সঁপে আত্মাকে শপথের কোলাহলে' বলতে বুঝিয়েছেন-
ক. রক্তদানের পুণ্য খ. কথা ও কাজের ঐক্য
গ. আত্মত্যাগের মহিমা ঘ. যৌবনের দুঃসাহসিকতা উত্তর: ঘ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৮৩ এর ২ নং: 'শপথের কোলাহল' দ্বারা প্রতিজ্ঞার ঘনঘটাকে বোঝানো হয়েছে। যারা ভীতু, তারা উদ্দেশ্য গ্রহণ করে আবার পিছুটান দেয়। জীবনের হিসাব তাদের কাছে অগ্রগণ্য। কিন্তু যারা আঠারোর তারুণ্য, তারা যে উদ্দেশ্য গ্রহণ করে একবার, সে উদ্দেশ্য কখনোই বিসর্জন দেয় না। দুরন্ত শক্তি আর সাহস নিয়ে উদ্দেশ্য বাস্তবায়নের উন্মুখ থাকে। 'শপথের কোলাহল' দ্বারা তারুণ্যের এই উদ্দেশ্য বাস্তবায়নের দুর্বার মানসিকতাকেই বোঝানো হয়েছে।*

❑ উদ্দীপকটি পড় এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও :
তারাপুর গ্রামের মেয়ে রাবেয়া। শ্বশুর বাড়ির নির্যাতন সইতে না পেরে ফুফু সলিমা বেগমের কাছে পালিয়ে আসে। গ্রামের মাতব্বর নারীলোভী জয়নালের কুদৃষ্টি পড়ে রাবেয়ার উপর। কিন্তু সলিমা বেগম জননী সাহসিকা। তিনি দৃঢ়প্রত্যয়ী মা পাখির মত আগলে রাখেন অনাথ ভাইঝি রাবেয়াকে।

২২. সলিমা বেগম 'মাসি-পিসি' গল্পের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করছেন?
ক. মাসি খ. মাসি-পিসি
গ. পিসি ঘ. আহ্লাদি উত্তর: গ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৬১; উদ্দীপকটিতে - ফুফু সলিমা বেগম। গল্পে ফুফুই হলো - পিসি।*

২৩. উদ্দীপকে 'মাসি-পিসি' গল্পের কোন দিকটির প্রতিফলন ঘটেছে?
ক. নারীর সহনশীলতা খ. পুরুষের লালসা
গ. পণপ্রথা ঘ. জীবনসংগ্রাম উত্তর: ঘ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৬২; গল্পের অন্যতম প্রধান চরিত্র আহ্লাদি। সে পিতৃমাতৃহীন, চার মাসের অন্তঃসত্ত্বা, স্বামীর সংসার থেকে বিতাড়িত। স্বামীর হাতে খুন হওয়ার ভয়ে শ্বশুর বাড়ি যেতে চায় না। এখন সে মাসি-পিসির সঙ্গে বাপের বাড়িতে থাকে। মাসি-পিসির আশ্রয়ে সে রক্ষা পেয়েছে অত্যাচারী স্বামী, লালসা-উন্মত্ত জোতদার, দারোগা ও গুন্ডা বদমাশদের আক্রমণ থেকে। আহ্লাদিকে কেন্দ্র করেই আবর্তিত হয়েছে মূল গল্পের ঘটনা। তবে উত্তর ' পুরুষের লালস 'ও হতে পারে।*

২৪. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় 'আবার সালাম নামে রাজপথে' কেন?
ক. ভাষা সংগ্রামে যোগ দিতে খ. গণজাগরণে যোগ দিতে
গ. জাতিগত দাঙ্গা প্রতিরোধ করতে
ঘ. ঘাতকের আস্তানা প্রতিরোধ করতে উত্তর: খ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৮৮; কবিতার ব্যাখ্যায়। গণ আন্দোলন বা গণজাগরণে যোগ দিতে।*

২৫. 'আত্মাকে চিনলে আত্মনির্ভরতা আসে' - কেন?
ক. ধর্ম বিশ্বাস প্রবল হয় বলে
খ. দেহতাত্ত্বিক জ্ঞান অর্জন হয় বলে
গ. মনে অপার্থিব ভাবনা আসে বলে
ঘ. মানুষের আত্মশক্তি বৃদ্ধি পায় বলে উত্তর: ঘ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৫১ এর ১১৯ নং প্রশ্ন। নিজ শক্তিকে জানার মাধ্যমে বা মানুষের আত্মশক্তি বৃদ্ধি পায় বলে আত্মনির্ভরতা আসে।*

২৬. 'আবার ফুটেছে দ্যাখো কৃষ্ণচূড়া থরে থরে শহরের পথে - চরণটি আমাদের জাতীয় জীবনের কোন দিকটি তুলে ধরে?
ক. গণ আন্দোলন খ. ভাষা আন্দোলন
গ. স্বাধীনতা আন্দোলন ঘ. স্বদেশি আন্দোলন উত্তর: খ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৯৬ (প্রশ্ন ৮৪)*

২৭. 'আমার পথ' প্রবন্ধে কাজী নজরুল ইসলামের মতে পরাবলম্বনই আমাদের করে তুলেছে-
i. নিষ্ক্রিয় ii. বিলাসী
iii. দাস
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উত্তর: খ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৪৪; পরাবলম্বন সবচেয়ে বড় দাসত্ব। এই পরাবলম্বনই আমাদের নিষ্ক্রিয় করে ফেলে।*

❑ নিচের উদ্দীপকটি পড় এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও:
ইব্রাহিমের ঘর পুড়িয়ে দেয় অজয়। ইব্রাহিমও তার প্রতিশোধ নেওয়ার জন্য তৎপর হয়ে ওঠে। একদিন সুযোগ বুঝে সেও অজয়ের ঘরে আগুন লাগিয়ে পুড়িয়ে দেয়।

২৮. উদ্দীপকের সঙ্গে 'প্রতিদান' কবিতার কার বৈসাদৃশ্য রয়েছে-
ক. কবির খ. যে কবিকে পর করেছে
গ. প্রকৃতির ঘ. কবির স্বজন উত্তর: ক
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৬৪ এর প্রথম লাইন। কবির ঘর যে ভেঙেছে কবি তার ঘর বাঁধেন।*

২৯. 'প্রতিদান' কবিতার প্রেক্ষাপট বিবেচনায় উদ্দীপকের ইব্রাহিম একজন-
i. অসৎ মানুষ ii. অমানবিক মানুষ
iii. অসহিষ্ণু মানুষ
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উত্তর: ঘ

৩০. 'তাহারেই পড়ে মনে' কবিতায় ব্যবহৃত 'উত্তরী' শব্দের অর্থ কী?
ক. কুয়াশা খ. উত্তর দিক
গ. চাদর ঘ. শীতের তীব্রতা উত্তর: গ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩০০*



অভিযাত্রী বিশ্ববিদ্যালয় সংস্করণ ২০২৩ এবং ATM এক টানা মুখস্থ সংস্করণ ২০২৩
পাওয়া যাচ্ছে দেশের সকল লাইব্রেরি এবং অনলাইনে ...

সিলেট বোর্ড



# HSC পরীক্ষা ২০২২

বাংলা প্রথম পত্র [২০২২ সালের সিলেবাস অনুযায়ী] বিষয় কোড : 101

সেট: খ সময়: ২০ মিনিট পূর্ণমান - ১৫

তারিখ: ৬ নভেম্বর, ২০২২

৩০টির মধ্যে ২৮টি কমন

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। যে কোনো পনেরোটি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১

প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।

❑ নিচের উদ্দীপকটি পড় এবং ১ ও ২ নং প্রশ্নের উত্তর দাও :

শাকিল সাহেব শিক্ষিত মানুষ। তার আত্মসম্মানবোধ প্রখর। মেয়ে শিরিনের বিয়েতে নিজের অনিচ্ছাসত্ত্বেও সাধ্যানুসারে বরপক্ষের যৌতুকের দাবি পূরণ করতে রাজি হন। কিন্তু উচ্চ শিক্ষিত শিরিন যৌতুকে অসম্মতি জানিয়ে এ বিয়ে প্রত্যাখ্যান করে।

০১. উদ্দীপকের শাকিল সাহেব 'অপরিচিতা' গল্পের কার সাথে তুলনীয়?

ক. অনুপমের মামা খ. অনুপমের মা

গ. শম্ভুনাথ বাবু ঘ. হরিশ উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩১০; কল্যাণীর বাবা। তিনি পরোপকারী, সুপুরুষ, সত্যবাদী, ঋষিতুল্য মানুষ। তিনি অত্যন্ত শান্ত প্রকৃতির হয়েও গল্পে একজন দৃঢ়চেতা মানুষ হিসেবে আত্মপ্রকাশ করেছেন। অনুপমের মামার অভদ্র আচরণেও শম্ভুনাথ সেনকে কোনো বিরক্তি প্রকাশ করতে দেখা যায় না। বিয়ের অনুষ্ঠানে অনুপমের মামার বাড়াবাড়ি দেখে অপমানিত হয়ে নিজের মেয়ের লগ্নভ্রষ্টের লৌকিকতাকে অগ্রাহ্য করে তিনি বিয়ে ভেঙে দেন। এই ঘটনায় আমরা তাঁর সাহসী ও দৃঢ়চেতা মানসিকতার পরিচয় পাই।*

০২. শিরিনের সাথে কল্যাণীর মিল কোথায়?

i. উভয়ই শিক্ষিত ii. ব্যক্তিত্বসম্পন্ন

iii. বাবার আজ্ঞাবাহী

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. ii ও iii

গ. i ও iii ঘ. i, ii ও iii উত্তর: ক

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩০৮; কল্যাণী শিক্ষিত, সহজ-সরল, ব্যক্তিত্বসম্পন্ন প্রাণচঞ্চল চিত্রের অধিকারী।*

০৩. কাজী নজরুল ইসলামের মতে নিচের কোনটি আমাদের নিষ্ক্রিয় করে ফেলে?

ক. বিনয় খ. দম্ভ

গ. পরাবলম্বন ঘ. অসত্য উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৪৪*

০৪. "আত্মকে চেনা নিজের সত্যকে বড় মনে করার দম্ভ"- সম্পর্কে কোনটি গ্রহণযোগ্য -

i. এ দম্ভ শির উঁচু করে

ii. মতে একটা 'ডোন্ট কেয়ার' ভাব আনে

iii. অসাম্প্রদায়িক চেতনা জাগ্রত করে

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. ii ও iii

গ. i ও iii ঘ. i, ii ও iii উত্তর: ক

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৫১ (প্রশ্ন ১২৭)*

০৫. রাষ্ট্রীয় প্রশাসনে সরকারি কর্মচারীদের কর্তৃত্বমূলক ব্যবস্থাকে কী বলে?

ক. আমলাতন্ত্র খ. স্বৈরতন্ত্র

গ. শাসনতন্ত্র ঘ. গণতন্ত্র উত্তর: ক

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ২৯৭*

০৬. আবুল ফজল রচিত 'চৌচির' কোন ধরনের রচনা?

ক. প্রবন্ধ খ. উপন্যাস

গ. ছোটগল্প ঘ. নাটক উত্তর: খ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৬০৬*

০৭. নিচের কোনটি বর্তমানে মানব-কল্যাণের প্রধান অন্তরায়?

ক. অবিচ্ছিন্ন মানবচেতনা খ. একীভূত মানবচেতনা

গ. সমষ্টি চেতনা ঘ. বিচ্ছিন্ন মানবচেতনা উত্তর: ঘ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৫২; মানব-কল্যাণের প্রধানতম অন্তরায় - রাষ্ট্র, জাতি, সম্প্রদায় ও গোষ্ঠীগত চেতনাগত বিভাজন।*



অভিযাত্রী বিশ্ববিদ্যালয় সংস্করণ ২০২৩ এবং ATM এক টানা মুখস্থ সংস্করণ ২০২৩
পাওয়া যাচ্ছে দেশের সকল লাইব্রেরি এবং অনলাইনে ...

**০৮. মানিক বন্দ্যোপাধ্যায়ের পিতৃপ্রদত্ত নাম কী?**

ক. সুবোধকুমার বন্দ্যোপাধ্যায়

খ. প্রভাতকুমার বন্দ্যোপাধ্যায়

গ. প্রবোধকুমার বন্দ্যোপাধ্যায়

ঘ. সরোজকুমার বন্দ্যোপাধ্যায় উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৬০৭*

**৯. "ওসব একরকম ছেড়ে দিয়েছে জগু" - এখানে 'ওসব' বলতে কী বোঝানো হয়েছে?**

ক. মারধর করা খ. মামলা-মোকদ্দমা করা

গ. গালমন্দ করা ঘ. নেশা করা উত্তর: ঘ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৬৩: পিসির মতে, জগু বারো মাস শুঁড়িখানায় পড়ে থাকে।*

❑ **নিচের উদ্দীপকটি পড় এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও:**

ব্রাহ্মণের শিক্ষিত ছেলে সমীর ভালোবেসে বিয়ে করে গ্রামের জেলে সম্প্রদায়ের শিক্ষিত মেয়ে নীলিমাকে। রাশভারী বাবা উপেন্দ্রনাথ ভাতে রাজি না হয়ে সমীরকে সম্পত্তি থেকে বঞ্চিত করে। সমীর ও নীলিমা আত্মনির্ভরশীল হয়ে এখন সুখে আছে।

**১০. উদ্দীপকের সমীর চরিত্রের সাথে 'বিলাসী' গল্পের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে?**

ক. ন্যাড়া খ. খুড়া

গ. মৃত্যুঞ্জয় ঘ. ছোটবাবু উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩২৪: মৃত্যুঞ্জয় বিলাসীর সেবায় সুস্থ হয়ে উঠলে তার প্রতি আকৃষ্ট হয় এবং তাকে বিয়ে করে।*

**১১. উদ্দীপকের উপেন্দ্রনাথ চরিত্রের মধ্যে 'বিলাসী' গল্পের যে সামাজিক সমস্যাটি নিহিত তা হলো -**

ক. অশিক্ষা খ. শ্রেণিবৈষম্য

গ. নিষ্ঠুরতা ঘ. অসমতা উত্তর: খ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৪২ এর ২০৮ নং প্রশ্ন।*

**১২. "প্রিনসিপালের কালো মুখ বেগুনি হয়" - কেন?**

ক. আনন্দে খ. বেদনায়

গ. ভয়ে ঘ. বিস্ময়ে উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৮১: মিলিটারি পাভা: - কর্নেল কিংবা মেজর জেনারেল অথবা মেজর বা ব্রিগেডিয়ার। - তার মুখ - ভারিক্কি। (ভারাক্কি অর্থ রাশভারি, মেজাজী) - প্রিন্সিপালের কামরায় সিংহমার্কা চেয়ারে বসেছিল। - তাকে দেখে প্রিন্সিপালের কালো মুখ বেগুনী হয়। এখানে ভয় প্রকাশ পেয়েছে।*

**১৩. কার 'ক্রন্দনরোল আকাশে বাতাসে ধ্বনিবে না' - বলে 'বিদ্রোহী' কবিতার কবির কামনা?**

ক. অবমানিতের খ. অত্যাচারিতের

গ. উৎপীড়িতের ঘ. হতদরিদ্রের উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৪৮*

**১৪. 'মম এক হাতে বাঁকা বাঁশের বাঁশরী আর হাতে রণতূর্য' - চরণটিতে কী বোঝানো হয়েছে?**

ক. ভালোবাসা ও ঘৃণা খ. ভালো ও মন্দ

গ. নতুন ও পুরাতন ঘ. প্রেম ও দ্রোহ উত্তর: ঘ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৪৬*

❑ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:**

মা মরা মেয়ে রহিমাকে সৎমা অনেক অত্যাচার করে। সারাদিন খাটিয়ে সমস্ত কাজ করিয়ে নেয়। সামান্য ভুল করলেই সে রহিমাকে নির্যাতন করে। রহিমা তবুও সৎ মাকে নিজের মায়ের মতোই ভালোবাসে।

**১৫. উদ্দীপকের সৎ মায়ের সাথে 'প্রতিদান' কবিতার সাদৃশ্য কোথায়?**

ক. উদারতায় খ. ক্ষমাশীলতার

গ. কর্মনিপুণতায় ঘ. প্রতিহিংসায় উত্তর: খ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৬৬; কবি আঘাতের পরিবর্তে দিতে চেয়েছেন - ভালোবাসা - ক্ষমা।*

**১৬. রহিমার মধ্যে কবি চেতনার প্রতিফলিত দিকটি হলো -**

i. কর্মনিপুণতা ii. উদারতা

iii. ক্ষমাশীলতা

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. ii ও iii

গ. i ও iii ঘ. i, ii ও iii উত্তর: খ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৬৬: কবি আঘাতের পরিবর্তে দিতে চেয়েছেন - ভালোবাসা - ক্ষমা।*

**১৭. 'ধান কাটা হলো সারা' চরণটির মাধ্যমে কোন ভাব প্রকাশ পেয়েছে?**

ক. ফসলের কাজ সম্পন্ন হওয়া

খ. কর্মের পরিণতি

গ. কর্মময় জীবন ঘ. ফসল তোলার তাড়া উত্তর: খ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৩০*

❑ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও:**

"হিম কুহেলির অন্তর তলে আঙ্গিকে পুলক জাগে রাঙিয়া উঠেছে পলাশ কলিকা মধুর রঙিন রাগে।"

**১৮. উদ্দীপকটি নিচের কোনটির ইঙ্গিত করে?**

ক. প্রাকৃতিক সৌন্দর্য খ. শীতের বিদায়

গ. বসন্তের আগমন

ঘ. প্রিয়জন হারানোর বেদনা উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৭৪: বাংলার ষড়ঋতুর মধ্যে বসন্তই শ্রেষ্ঠ। এ ঋতুতে প্রকৃতি সেজে ওঠে বর্ণিল সাজে। চারদিকের ফুলের সমারোহ যে কাউকে মুগ্ধ করে। এ কারণে শিল্প ও সাহিত্যে বসন্তের এক গুরুত্বপূর্ণ স্থান রয়েছে।*



অভিযাত্রী বিশ্ববিদ্যালয় সংস্করণ ২০২৩ এবং ATM এক টানা মুখস্থ সংস্করণ ২০২৩
পাওয়া যাচ্ছে দেশের সকল লাইব্রেরি এবং অনলাইনে ...

## সিলেট বোর্ড



**১৯. উদ্দীপকটিতে 'তাহারেই পড়ে মনে' কবিতার কোন সুর ধ্বনিত হয়েছে?**

ক. প্রকৃতি ও মানব মনের সম্পর্কের
খ. প্রাকৃতিক পরিবর্তনের
গ. প্রাকৃতিক পরিপূর্ণতার ঘ. জীবন প্রবাহের উত্তর: ক

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৭৫; চিত্রে।*

**২০. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় কোন শব্দটি ঐতিহ্যের প্রতীক হয়ে ওঠেছে?**

ক. পূর্বপুরুষ খ. ক্রীতদাস
গ. কিংবদন্তি ঘ. কবিতা উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫০১; 'কিংবদন্তি' শব্দের সাধারণ অর্থ জনশ্রুতি। ব্যাপক অর্থে 'কিংবদন্তি' হলো লোকপরম্পরায় শ্রুত ও কথিত এমন কোনো বিষয় যা একটি সমাজ বা জাতির ঐতিহ্যের পরিচয় বহন করে।*

**২১. কবি সুকান্ত ভট্টাচার্য ফ্যাসিবিরোধী লেখক শিল্পী সংঘের পক্ষে কোন কাব্যগ্রন্থটি সম্পাদনা করেন?**

ক. ঘুম নেই খ. পূর্বাভাস
গ. ছাড়পত্র ঘ. আকাল উত্তর: ঘ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৮৬ এর ৪৬ নং প্রশ্ন*

**২২. নিচের কোন চরণে 'আঠারো বছর বয়স' কবিতার কবির মতে ইতিবাচক বক্তব্যের প্রকাশ ঘটেছে?**

ক. এ বয়স জানে রক্তদানের পুণ্য
খ. তাজা তাজা প্রাণে অসহ্য যন্ত্রণা
গ. দুর্যোগে হাল ঠিকমতো রাখা ভার
ঘ. ক্ষত-বিক্ষত হয় সহস্র প্রাণ উত্তর: ক

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৮৭ (প্রশ্ন ৭০)*

**২৩. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় কবি নিচের কোনটি বোঝাতে 'কমলবন' প্রতীকটি ব্যবহার করেছেন?**

i. মানবিকতা ii. কল্যাণের জগৎ
iii. পদ্মবন

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. ii ও iii
গ. i ও iii ঘ. i, ii ও iii উত্তর: ক

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৮৯*

**২৪. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতাটি কবি শামসুর রাহমানের কোন কাব্যগ্রন্থ থেকে চয়ন করা হয়েছে?**

ক. বন্দি শিবির থেকে খ. নিজ বাসভূমে
গ. রৌদ্র করোটিতে ঘ. বিধ্বস্ত নীলিমা উত্তর: খ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৮৯*

❑ **নিচের উদ্দীপকটি পড় এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও:**

তাহেরার বিয়ে হলো তার চেয়ে কয়েকগুণ বেশি বয়সী হামিদ আলীর সাথে। বিয়ের আগে পাত্রী দেখতে এলে হামিদ আলীকে তাহেরা ভেবেছিলো সে তার হবু শ্বশুর।

**২৫. উদ্দীপকের তাহেরা 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রটির সাথে তুলনীয়?**

ক. রহিমা খ. জমিলা
গ. আমেনা ঘ. ভানু উত্তর: খ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫৬৮; কেন্দ্রীয় চরিত্র মজিদের দ্বিতীয় স্ত্রীরূপে উপন্যাসে আগমন ঘটে জমিলার। কমবয়সি জমিলার চরিত্রে চপলতাই ছিল প্রধান। মজিদের দ্বিতীয় স্ত্রী জমিলা। মজিদকে প্রথম দেখে জমিলা তার ভাবী শ্বশুর মনে করে।*

**২৬. উদ্দীপকের ঘটনাটি 'লালসালু' উপন্যাসে বিধৃত সমাজের কোন দিকটি প্রতিফলিত হয়েছে?**

ক. বাল্যবিবাহ খ. অসম বয়সী বিবাহ
গ. বহুবিবাহ ঘ. বলপূর্বক বিবাহ উত্তর: ক

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫৬৮; জমিলা আমাদের সমাজব্যবস্থার যে অসংগতির শিকার - বাল্যবিবাহ।*

**২৭. উমিচাঁদ কোথা থেকে বাংলাদেশে এসেছে?**

ক. মাদ্রাজ খ. লাহোর
গ. কলকাতা ঘ. পাঞ্জাব উত্তর: খ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫৯৬ (প্রশ্ন ১১)*

**২৮. "চারিদিকে শুধু অবিশ্বাস আর ষড়যন্ত্র।" রায়দুর্লভের এ উক্তিটিতে তার কোন ধরনের মনোভাব ফুটে উঠে?**

ক. নির্লোভ খ. স্বার্থপরতা
গ. দ্বিধাগ্রস্থতা ঘ. আত্মবিশ্বাসী উত্তর: খ

**২৯. "খেলোয়াড় চলে গেছে, খেলবে কার সাথে।" এখানে 'খেলোয়াড়' কে?**

ক. মজিদ খ. আক্কাস
গ. সলেমনের বাপ ঘ. তাহের কাদেরের বাপ উত্তর: ঘ

**৩০. "আমি চিরকালই ইংরেজদের বন্ধু।" উক্তিটি কার?**

ক. মিরজাফর খ. রায় দুর্লভ
গ. উমিচাঁদ ঘ. রাজবল্লভ উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫৮৫*

*কমন উত্তরগুলো নেওয়া হয়েছে অভিযাত্রী বিশ্ববিদ্যালয় সংস্করণ জানুয়ারি ২০২২ থেকে।*



অভিযাত্রী বিশ্ববিদ্যালয় সংস্করণ ২০২৩ এবং ATM এক টানা মুখস্থ সংস্করণ ২০২৩
পাওয়া যাচ্ছে দেশের সকল লাইব্রেরি এবং অনলাইনে ...

# HSC পরীক্ষা ২০২২

বাংলা প্রথম পত্র [২০২২ সালের সিলেবাস অনুযায়ী] বিষয় কোড : 101

সেট: খ সময়: ২০ মিনিট পূর্ণমান - ১৫

তারিখ: ৬ নভেম্বর, ২০২২

**৩০টির মধ্যে ২৬টি কমন**

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। যে কোনো পনেরোটি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১

প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।

**০১. মৃত্যুঞ্জয় কোন ক্লাসে পড়তো?**

ক. ফার্স্ট ক্লাস খ. সেকেন্ড ক্লাস

গ. থার্ড ক্লাস ঘ. ফোর্থ ক্লাস উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩২৫*

**০২. 'কিংবদন্তি' শব্দের অর্থ কী?**

ক. লোককথা খ. শ্রুতিকথা

গ. জনশ্রুতি ঘ. স্মৃতিকথা উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩০০*

**০৩. "তাই তারা ছোটে" কেন?**

ক. ধর্মের জন্য খ. জীবিকার জন্য

গ. কল্যাণের জন্য ঘ. সুবিধার জন্য উত্তর: খ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫৭০*

❑ **উদ্দীপকটি পড় এবং ৪নং প্রশ্নের উত্তর দাও :**

স্বামীর মৃত্যুর পর প্রতিকূল পরিবেশে টিকতে না পেরে রোকেয়া ভাগলপুরে মেয়েদের স্কুল ও বৃদ্ধাশ্রম প্রতিষ্ঠা করে নিজেকে শিক্ষা বিস্তার ও সমাজসেবার কাজে ব্যস্ত রাখেন।

**০৪. 'মাসি-পিসি' গল্পের মাসি-পিসি উদ্দীপকের রোকেয়ার সাথে কিসে তুলনীয়?**

ক. অন্যায়ের প্রতিবাদে খ. স্বাধীন পেশা নির্বাচনে

গ. সমাজসেবায় ঘ. সামাজিক নিপীড়নে উত্তর: গ

**০৫. আহ্মেদির পরিবারের তিনজন সদস্য কোন অসুখে মারা গিয়েছিল?**

ক. ঠান্ডায় খ. কলেরায়

গ. জন্ডিসে ঘ. জ্বরে উত্তর: খ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৬২*

**০৬. ভুলের মধ্যে দিয়ে কীভাবে সত্যকে পাওয়া যায়?**

ক. বার বার ভুল করে খ. ভুল স্বীকার করে

গ. ভুল থেকে শিক্ষা নিয়ে ঘ. ভুল চেপে রেখে উত্তর: খ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৪৩*

**০৭. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কবি কোন ঋতুর বন্দনা করেছেন?**

ক. গ্রীষ্ম খ. বর্ষা

গ. শীত ঘ. বসন্ত উত্তর: ঘ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৭৩*

**০৮. গঙ্গাজল ছুঁয়ে ঈশ্বরের নামে শপথ করেছিল কে?**

ক. রাজবল্লভ খ. রায়দুর্লভ

গ. জগৎশেঠ ঘ. উমিচাঁদ উত্তর: ক

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫৮৬*

**০৯. মানব কল্যাণ হচ্ছে-**

i. দান-খয়রাত করা

ii. স্বাবলম্বনের পথ দেখানো

iii. মানুষের মর্যাদা বৃদ্ধি করা

নিচের কোনটি সঠিক?

ক. i খ. ii

গ. iii ঘ. i, ii ও iii উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৫২*

**১০. "মহত্ত্বের কাহিনী আমাদের অনেক আছে"। এখানে 'মহত্ত্ব' কী অর্থে ব্যবহৃত হয়েছে?**

ক. ব্যঙ্গার্থে খ. প্রশংসার্থে

গ. ক্ষোভার্থে ঘ. নিন্দার্থে উত্তর: ক

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৪০ (প্রশ্ন ১১২)*



অভিযাত্রী বিশ্ববিদ্যালয় সংস্করণ ২০২৩ এবং ATM এক টানা মুখস্থ সংস্করণ ২০২৩
পাওয়া যাচ্ছে দেশের সকল লাইব্রেরি এবং অনলাইনে ...

## বরিশাল বোর্ড



**১১. 'মানব-কল্যাণ' প্রবন্ধটি লেখকের কোন গ্রন্থ থেকে নেয়া হয়েছে?**

ক. চৌচির খ. রাঙা প্রভাত

গ. মানবতন্ত্র ঘ. মাটির পৃথিবী উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৫২*

**১২. চাষি খেতে চালাইছে হাল, তাঁতি বসে তাঁত বোনে, জেলে ফেলে জাল- উদ্দীপকটিতে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার যে চরণের মিল রয়েছে -**

ক. তার করতলে পলিমাটির সৌরভ ছিল

খ. পতিত জমি আবাদের কথা বলতেন

গ. অরণ্য ও শ্বাপদের কথা বলতেন

ঘ. কর্ষিত জমির প্রতিটি শস্যদানা কবিতা উত্তর: খ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫০৩ এর ৩। এদেশের ইতিহাসে হাজার বছরের বনবাসী, গুহাবাসী মানুষেরা একদিন এ দেশের জমিতে বসবাস শুরু করেছিল। এদেশের পতিত জমিতে শস্যের ফরমান এনেছিল।*

**১৩. কিলপ্যাট্রিক মাদ্রাজ থেকে কতজন সৈন্য নিয়ে হাজির হন?**

ক. একশো খ. দুইশো

গ. আড়াইশে ঘ. তিনশো উত্তর: গ

**১৪. 'সোনার তরী' কবিতাটি কোন ছন্দে লেখা?**

ক. মাত্রাবৃত্ত খ. স্বরবৃত্ত

গ. অক্ষরবৃত্ত ঘ. মুক্তক ছন্দ উত্তর: ক

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ২৮৯*

**১৫. 'নবীন জগৎ সন্ধানে যারা ছুটে মেরু অভিযানে, পক্ষ বাঁধিয়া উড়িয়া চলেছে যাহারা উর্ধ্বপানে।' উদ্দীপকটিতে 'আঠারো বছর বয়স' কবিতায় তারুণ্যেও যে দিকটি প্রকাশিত হয়েছে-**

i. তারুণ্যের আবেগ

ii. তারুণ্যের দুর্নিবার রূপ

iii. তারুণ্যের আত্মোৎসর্গকারী রূপ

**নিচের কোনটি সঠিক?**

ক. i ও ii খ. ii ও iii

গ. i ও iii ঘ. i, ii ও iii উত্তর: ঘ

*ব্যাখ্যা: অভিযাত্রী i. পৃষ্ঠা ৪৮২, ii. ৪৮১ (কবিতার ব্যাখ্যায়), iii. পৃষ্ঠা ৪৮৩ এর ১ এর গ।*

**১৬. 'অপরিচিতা' গল্পে কথকের নাম কী?**

ক. অনুপম খ. কল্যাণী

গ. শম্ভুনাথ ঘ. হরিশ উত্তর: ক

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩০৭*

**১৭. ছেলেমেয়েরা কখন আমসিপারা পড়ে?**

ক. সকালে খ. বিকেলে

গ. সন্ধ্যা ঘ. ভোরে উত্তর: ঘ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫৭৪ এর ৩৮*

**১৮. শহরের পথে থরে থরে কোন ফুল ফুটেছে?**

ক. শিমুল খ. পলাশ

গ. কৃষ্ণচূড়া ঘ. রক্তজবা উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৯৫*

**১৯. 'নবাবের কোনো ক্ষমতা নেই'- ক্লাইভের এ কথার অর্থ কী?**

ক. নবাব দুর্বল শাসক

খ. নিকটস্থরা প্রতারক

গ. প্রজারা নবাব বিরোধী

ঘ. অস্ত্রেশস্ত্রে অপরিপূর্ণ উত্তর: খ

**২০. "জাগ রে কৃষাণ, সব তো গেছে, কিসের আর ভয়'- উদ্দীপকটিতে 'বিদ্রোহী' কবিতার যে ভাব ফুটে ওঠেছে -**

ক. বিদ্রোহ খ. সংগ্রাম

গ. প্রতিবাদ ঘ. প্রতিরোধ উত্তর: খ

**২১. 'রেইনকোট' গল্পে নুরুল হুদা কোন বিষয়ের শিক্ষক ছিলেন?**

ক. পদার্থ খ. রসায়ন

গ. বাংলা ঘ. ইংরেজি উত্তর: খ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৭৯*

**২২. উষার দুয়ারে হানি আঘাত আমরা আনিব রাঙা প্রভাত**
**আমরা টুটাবো তিমির রাত বাধার বিন্ধ্যাচল।**
**উদ্দীপকটি কোন কবিতার ভাব ধারণ করে?**

ক. আঠারো বছর বয়স খ. সেই অস্ত্র

গ. ফেব্রুয়ারি ১৯৬৯ ঘ. বিদ্রোহী উত্তর: ক

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৮২: আঠারো বছর বয়স প্রবল আবেগ, উচ্ছ্বাস ও উত্তেজনার। এ বয়সেই রাঙা বা নতুন প্রভাত আনা যায়। এ বয়স অদম্য দুঃসাহসে সকল বাধা অতিক্রম করতে পারে। অন্যায়ের বিরুদ্ধে মাথা উঁচু করে দাঁড়াবার জন্য এ বয়সের তরুণরা সবসময় প্রস্তুত থাকে। আত্মত্যাগের মহান মন্ত্রে উজ্জীবিত হওয়া এ বয়সের প্রধান ধর্ম। উত্তর 'বিদ্রোহী' হবে না, কারণ বিদ্রোহ করা হয় কোন অন্যায়ের প্রতিবাদের মাধ্যমে বা কোন জিনিসকে সংস্কার করতে। রাঙা প্রভাত আনতে বিদ্রোহ করা লাগে না।*



অভিযাত্রী বিশ্ববিদ্যালয় সংস্করণ ২০২৩ এবং ATM এক টানা মুখস্থ সংস্করণ ২০২৩
পাওয়া যাচ্ছে দেশের সকল লাইব্রেরি এবং অনলাইনে ...

২৩. 'দুর্গমগিরি কান্তার মরু দুস্তর পারাবার
লঙ্ঘিতে হবে রাত্রি নিশীথে যাত্রীরা হুঁশিয়ার'
উদ্দীপকের কবি এবং সৈয়দ শামসুল হকের মিল-

i. সংগ্রামী চেতনায়
ii. বিরহ বোধে
iii. দৃষ্টিভঙ্গিতে

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উত্তর: খ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫৪৮ চিত্র এবং এর ব্যাখ্যায়*

❑ উদ্দীপকটি পড় এবং ২৪ নং প্রশ্নের দাও :

স্বামী পরিত্যক্তা হত দরিদ্র জয়গুন সূর্যদীঘল বাড়িতে একা বসবাস করে।

২৪. উদ্দীপকের জয়গুন 'মাসি-পিসি' গল্পে কার প্রতিনিধিত্ব করছে-

ক. মাসি খ. পিসি
গ. মাসি-পিসি ঘ. আহ্লাদি উত্তর: ঘ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৬২: গল্পের অন্যতম প্রধান চরিত্র আহ্লাদি। সে পিতৃমাতৃহীন, চার মাসের অন্তঃসত্ত্বা, স্বামীর সংসার থেকে বিতাড়িত।*

২৫. 'সোনার তরী' কিসের প্রতীক?

ক. যৌবনের খ. জীবনের
গ. কৃষকের ঘ. কর্মের উত্তর: ঘ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৩৭: মহাকালের প্রতীক সোনার তরীতে মানুষের কর্মের স্থান হলেও সেখানে ব্যক্তিমানুষের যে স্থান হয় না, সে বিষয়টিই ফুটে উঠেছে।*

২৬. মজিদ কার ভয়ে শঙ্কিত হয়?

ক. আক্কাসের খ. আওয়ালপুরের পিরের
গ. জমিলার ঘ. খালেক বেপারির উত্তর: খ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫৭২ এর ২ নং প্রশ্নোত্তর*

❑ উদ্দীপকটি পড় এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের দাও :

জীবনে জীবন যোগ করা না হলে
কৃত্রিম পণ্যে ব্যর্থ হয় গানের পসরা

২৭. উদ্দীপকটিতে 'আমার পথ' প্রবন্ধের যে দিকটি প্রকাশিত -

ক. মনুষ্যত্ববোধ খ. সাম্যবাদী
গ. সত্যের বন্দনা ঘ. আত্মসচেতনতা উত্তর: ক

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৪৪*

২৮. উদ্দীপক এবং 'আমার পথ' প্রবন্ধে প্রাধান্য পেয়েছে-

i. জীবনবন্দনা
ii. আত্মনির্ভরশীলতা
iii. মানবধর্ম উত্তর: খ

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. ii ও iii
গ. i ও iii ঘ. i, ii ও iii উত্তর: খ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৪৪*

২৯. যে 'বিষভরা বাণ' দিয়েছে প্রতিদানে কবি তাকে কী দেন?

ক. বুকভরা ভালোবাসা খ. বুকভরা ফুল
গ. বুকভরা গান ঘ. বুকভরা মালা উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৬৬*

৩০. ফরিদপুরে সারাদিন শোভাযাত্রা চলেছিল কত তারিখে?

ক. ২০ ফেব্রুয়ারি খ. ২০ ফেব্রুয়ারি
গ. ২১ ফেব্রুয়ারি ঘ. ২২ ফেব্রুয়ারি উত্তর: ঘ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৬৯*

*কমন উত্তরগুলো নেওয়া হয়েছে অভিযাত্রী বিশ্ববিদ্যালয় সংস্করণ জানুয়ারি ২০২২ থেকে।*



অভিযাত্রী বিশ্ববিদ্যালয় সংস্করণ ২০২৩ এবং ATM এক টানা মুখস্থ সংস্করণ ২০২৩
পাওয়া যাচ্ছে দেশের সকল লাইব্রেরি এবং অনলাইনে ...

০৯. 'আমি তোমাকে দেখবার জন্য ব্যস্ত হয়ে পড়েছিলাম'- উক্তিটি কার?
ক. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
খ. শেখ হাসিনা গ. শেখ কামাল
ঘ. শেখ ফজিলাতুন্নেছা মুজিব উত্তর: ঘ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৭৩ (১৯ নং)*

১০. 'মানব-কল্যাণ' প্রবন্ধটি লেখকের কোন গ্রন্থ থেকে নেওয়া হয়েছে?
ক. মানবতন্ত্র খ. রাঙাপ্রভাত
গ. মাটির পৃথিবী ঘ. চৌচির উত্তর: ক
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৫২*

❑ নিচের উদ্দীপকটি পড় এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:
অন্ন চাই, প্রাণ চাই, আলো চাই, চাই মুক্ত বায়ু,
চাই বল, চাই স্বাস্থ্য, আনন্দ-উজ্জ্বল পরমায়ু,
সাহসবিস্তৃত বক্ষপট। এ দৈন্য - মাঝারে, কবি,
একবার নিয়ে এসো স্বর্গ হতে বিশ্বাসের ছবি।

১১. উদ্দীপকের আলোকে লালসালু উপন্যাসের প্রাণময় এবং সাহসী চরিত্র কোনটি?
ক. আক্কাস খ. রহিমা
গ. জমিলা ঘ. তাহের-কাদেরের পিতা উত্তর: গ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫৬৮*

১২. উক্ত চরিত্র সৃষ্টিতে লেখকের মূল উদ্দেশ্য হলো-
i. নির্জীব ধর্মতন্ত্রের বিরুদ্ধে পদাঘাত ও সজীব প্রাণধর্মের জাগরণ
ii. শেকড় গাড়া কুসংস্কার, অন্ধবিশ্বাস ও ভীতির সঙ্গে সুস্থ ও মুক্ত জীবনাকাঙ্ক্ষার দ্বন্দ্ব
iii. ধর্ম ব্যবসায়ী মজিদের অস্তিত্ব সংকট ও সংকটের একটি মানবীয় দ্বন্দ্বময় রূপ সৃষ্টি
নিচের কোনটি সঠিক?
ক. i খ. i ও ii
গ. iii ঘ. i, ii ও iii উত্তর: খ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫৬৮ 'প্রাণধর্মের সহজ প্রকাশে'র প্রতীক নারীচরিত্র - জমিলা। পৃষ্ঠা ৬৫৬ বিষয়বস্তু - যুগ-যুগ ধরে শেকড়গাড়া কুসংস্কার, অন্ধবিশ্বাস ও ভীতির সঙ্গে সুস্থ জীবনাকাঙ্ক্ষার দ্বন্দ্ব।*

১৩. সিরাজের কোন অমাত্য নিরীশ্বরবাদী জৈন ধর্মের অনুসারী ছিলেন?
ক. জগৎ শেঠ খ. মিরন
গ. উমিচাঁদ ঘ. রাজা রাজবল্লভ উত্তর: ক

১৪. কখন জনগণের মঙ্গল হওয়ার চেয়ে অমঙ্গলই বেশি হয় -
i. শাসকরা যখন শোষক হয়
ii. স্বৈরাচার যখন জেঁকে বসে
iii. আমলাতন্ত্রের দৌরাত্ম্য যখন বেড়ে যায়
নিচের কোনটি সঠিক?
ক. i খ. ii
গ. iii ঘ. i, ii ও iii উত্তর: ক
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৭০*

১৫. 'রেইনকোট' গল্পে রেইনকোটটির মাধ্যমে ব্যঞ্জনাময় প্রকাশ ঘটেছে -
ক. মুক্তিযুদ্ধ ও সংগ্রাম খ. পাক বাহিনীর অত্যাচার
গ. উষ্ণতা, সাহস ও দেশপ্রেম
ঘ. মুক্তিযোদ্ধাদের আত্মত্যাগ উত্তর: গ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫৭৮*

১৬. তোমার দাড়ি কই মিঞা? কার প্রসঙ্গে বলা হয়েছে?
ক. মজিদ খ. আক্কাস
গ. মোদাব্বের মিঞা ঘ. ধলামিঞা উত্তর: খ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫৬৭*

১৭. ১৯৭২ সালে কার উদ্যোগে কাজী নজরুল ইসলামকে সপরিবারে স্বাধীন বাংলাদেশে এনে নাগরিকত্ব ও জাতীয় কবির স্বীকৃতি দেওয়া হয়?
ক. প্রধানমন্ত্রী তাজউদ্দিন আহমদ
খ. সৈয়দ নজরুল ইসলাম
গ. স্বরাষ্ট্রমন্ত্রী এএইচএম কামরুজ্জামান
ঘ. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান উত্তর: ঘ

১৮. তোমার পঠিত কোন কবিতাটি সংলাপনির্ভর?
ক. সুচেতনা খ. তাহারেই পড়ে মনে
গ. বিদ্রোহী ঘ. প্রতিদান উত্তর: খ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৭৪*

❑ নিচের উদ্দীপকটি পড় এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও: যা রুপিবে তাই পবে, সংসার যে কর্মভূমি।

১৯. উদ্দীপকের অন্তর্নিহিত তাৎপর্যের সঙ্গে সংগতিপূর্ণ পঙ্ক্তি কোনটি?
ক. একখানি ছোট খেত, আমি একেলা -
খ. এখন আমারে লহো করুণা করে।।
গ. আমারি সোনার ধানে গিয়েছে ভরি।
ঘ. যত চাও তত লও তরণী-পরে। উত্তর: গ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৩২ (কবিতার ব্যাখ্যায়)*



অভিযাত্রী বিশ্ববিদ্যালয় সংস্করণ ২০২৩ এবং ATM এক টানা মুখস্থ সংস্করণ ২০২৩
পাওয়া যাচ্ছে দেশের সকল লাইব্রেরি এবং অনলাইনে ...